



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ
কলাপাড়া, পটুয়াখালী-৮৬৫০
www.ppa.gov.bd

নম্বর: ১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৭০.২৬.২২৮

২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৬ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: পায়রা বন্দর কর্তৃপক্ষের ১১ ক্যাটাগরির ১৮ টি পদের লিখিত পরীক্ষার তারিখ, কেন্দ্র, সময়সূচি ও নির্দেশাবলি।

পায়রা বন্দর কর্তৃপক্ষের ২৬ এপ্রিল ২০২৬ তারিখের ১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৭০.২৬.৮৭২ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ৯ম থেকে ২০তম গ্রেডের ১১ ক্যাটাগরির ১৮টি পদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময় এবং কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্রম	পদের নাম	লিখিত পরীক্ষার সময়	লিখিত পরীক্ষার তারিখ	কেন্দ্র
১।	সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)	সকাল ১০:০০ ঘটিকা থেকে ১২:০০ পর্যন্ত	০৩ জুলাই ২০২৬ শুক্রবার।	ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
২।	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)			
৩।	সহকারী পরিচালক (সমন্বয়)			
৪।	সহকারী ড্রেজিং মাস্টার			
৫।	ইনল্যান্ড মাস্টার (১ম শ্রেণি)			
৬।	কার্পেন্টার			
৭।	লক্ষর			
৮।	পরিচ্ছন্নতা কর্মী			
৯।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:৩০ পর্যন্ত		
১০।	ডাটা এন্ট্রি অপারেটর			
১১।	নিরাপত্তারক্ষী	সকাল ১০:০০ ঘটিকা থেকে ১১:০০ পর্যন্ত		

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

ক। টেলিটকের ওয়েবসাইট <https://ppa.teletalk.com.bd> থেকে আগামী ২২ জুন ২০২৬ তারিখ হতে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

খ। পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

গ। পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে কোন ধরনের কাগজ, বই, ব্যাগ, মানিব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, সকল প্রকার ক্যালকুলেটর, স্মার্টওয়াচ ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে ক্রম ১ এবং ২ এ বর্ণিত পদের প্রার্থীগণ সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন।

ঘ। পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসদুপায় অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা পায়রা বন্দর কর্তৃপক্ষ সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ কর্তৃক প্রদত্ত এবং উত্তরপত্র সংগ্রহ সম্পন্ন না হওয়া পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন।

ঙ। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হতে হবে। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রোল নম্বর ও নামের পাশে

তার রঞ্জন ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সাথে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর এবং পরীক্ষার্থীর ফিজিক্যাল অবয়ব মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
চ। কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি বা মিথ্যা তথ্য পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।



১৬-০৬-২০২৬

মুহাম্মদ আবদুল হাই মিলটন
পরিচালক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-পরিচালক (প্রোগ্রামার), এমআইএস বিভাগ, এমআইএস বিভাগ, পায়রা বন্দর কর্তৃপক্ষ (পাবকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ২। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পায়রা বন্দর কর্তৃপক্ষ।

